

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)

নায়ম ক্যাম্পাস, একাডেমিক ভবন (৬ষ্ঠ তলা)

ধানমন্ডি, ঢাকা- ১২০৫।

ফ্যাক্সঃ ৫৫১৬৭৪২৭ ওয়েবসাইটঃ www.ntrca.gov.bd

গণবিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি এবং প্রতিষ্ঠান প্রধানগণের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের নির্ধারিত নীতিমালার আলোকে এনটিআরসিএ কর্তৃক গত ০৯ অক্টোবর ২০১৬ তারিখে প্রতিষ্ঠানসমূহের চাহিদার প্রেক্ষিতে যে সকল প্রার্থীকে শিক্ষক পদে মেধার ভিত্তিতে বাছাইপূর্বক অনলাইনে ফলাফল ঘোষণা করা হয়েছে তাদের অবশ্যই ০৮ নভেম্বর ২০১৬ তারিখের মধ্যে নিয়োগপত্র প্রদান করতে হবে।

কোন পদে নিয়োগের বিরুদ্ধে আদালতের নিষেধাজ্ঞা/পদ শূন্য না থাকা/প্রার্থী যথাযথ সার্টিফিকেটধারী না হওয়া/নিয়মিত পরিচালনা কমিটি অথবা গভর্নিং বডি না থাকা ব্যতীত অন্য কোন কারণে নিয়োগপত্র প্রদান না করা হলে তা মন্ত্রণালয়ের নির্দেশ অমান্য হিসেবে গণ্য করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষা মন্ত্রণালয়কে অবহিত করা হবে। নির্ধারিত সময়ের মধ্যে নিয়োগপত্র না পেলে তা এনটিআরসিএকে লিখিতভাবে জানানোর জন্য নির্বাচিত প্রার্থীগণকে অনুরোধ করা যাচ্ছে।

চেয়ারম্যান

এনটিআরসিএ, ঢাকা।